রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ৮ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৩ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪২০-আইন/২০২৬/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নরূপ বিধান করিল, যথা :—

উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত—

(ক) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ১০ মার্চ, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সময়ের জন্য উক্ত আইনের প্রথম তফসিলে আরোপণীয় কাস্টমস শুল্ক, যেই পরিমাণ মূল্য ভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে; এবং

(খ) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর ২৪ জানুয়ারি, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ হইতে ২৩ ফেব্রুয়ারি, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সময়ের জন্য উক্ত পণ্যসমূহের উপর আরোপণীয় রেগুলেটরি ডিউটি, যেই পরিমাণ, মূল্য ভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, যেই পরিমাণ ২০% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় আগাম কর হইতে—

অব্যাহতি প্রদান করিল, যথা :—

মূল্য : টাকা ৪.০০

TABLE-1

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
08.04	0804.10.11	Dates: Fresh, Wrapped/canned upto 2.5 kg
	0804.10.19	Dates: Fresh, Other
	0804.10.21	Dates: Dried, Wrapped/canned upto 2.5 kg
	0804.10.29	Dates: Dried, Other

TABLE-2

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
08.05	0805.10.90	Oranges
08.08	0808.10.90	Apples

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান হাবিব
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd